মুজিবনগরে উপজেলা পর্যায়ে ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত

“শব্দ শিখুন, ভাষা শিখুন “শব্দ ভান্ডারের দক্ষতা মানুষের যোগাযোগ এবং সামাজিক দক্ষতা উন্নত করে এই প্রতিপাদ্যে মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, সোমবার সকালে উপজেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে ইন্টারস্কুল ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতা।

এই প্রতিযোগিতায় উপজেলার ১৫ টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৪টি মাদ্রাসার ৯৫ জন শিক্ষার্থী অংশগ্রহন করে। বেলা ১১ টা থেকে ১২ টা পর্যন্ত ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতার পরিক্ষা অনুষ্ঠিত হয়। পরিক্ষা শেষে খাতা মুল্যায়ন করে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর এডমিন অফিসার অশোক মালাকার এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক প্রফেসর বাকের আলী।

ইন্টারস্কুল ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতায় উপজেলার ১৫ টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৪টি মাদ্রাসার ৯৫ জন শিক্ষার্থীর মধ্য থেকে ৫ জন বিজয়ী হয়।

গুডনেইবারর্স আয়োজিত ইন্টারস্কুল ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতায় ৯৫ জন প্রতিযোগিতার মধ্যে প্রথম স্থান অধিকার করে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় ছাত্রী সাদিয়া আক্তার মাহি। দ্বিতীয় স্থান অধিকার করে জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় এর ছাত্রী সুমাইয়া, তৃতীয় স্থান অধিকার করে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র মুশফিকুর, চতুর্থ ও পঞ্চম স্থান অধিকার করে আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর ছাত্রী মারিয়া আক্তার ও রিয়া

খাতুন।

অতিথিবৃন্দ বিজয়ীদের মাঝে ক্রেস্ট, বই এবং সার্টিফিকেট উপহার হিসাবে তুলে দেন।